

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

BANGLADESH WATER DEVELOPMENT BOARD

পরিচালকের কার্যালয়  
কর্মচারী উন্নয়ন পরিদপ্তর  
রহমান চেম্বার (১০ম তলা)  
১২-১৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

ফোনঃ ৯৫৮৮৪৫৮, ৯৫৫০৯৩৭ (ফ্যাক্স)  
ই-মেইলঃ dir.staff.bwdb@gmail.com



www.bwdb.gov.bd

Office of the Director  
Directorate of Staff Development  
Rahman Chamber (9<sup>th</sup> Floor),  
12-13 Motijheel C/A, Dhaka -1000.  
Phone: 9588458, 9550937 (Fax).  
E-mail : dir.staff.bwdb@gmail.com

স্মারক নং- ৪২.০১.০০০০.৩০.১১.০০৪.২০১৯-৭৩৫

তারিখঃ ০৫ জ্যৈষ্ঠ ১৪২৬ বঃ  
১৯-০৫-২০১৯ খ্রীঃ

## “লিখিত পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি”

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের ০৬-০৩-২০১৯ তারিখের স্মারক নং-৩০১ মোতাবেক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী ডাটা এন্ট্রি অপারেটর এবং অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের নির্বাচনী লিখিত পরীক্ষা Institute of Business Administration (IBA), ঢাকা বিশ্ববিদ্যালয়ের সার্বিক তত্ত্বাবধানে আগামী ২৪-০৫-২০১৯ তারিখ (শুক্রবার) নিম্ন বর্ণিত সময়সূচী অনুযায়ী (বিভিন্ন কেন্দ্রে) অনুষ্ঠিত হবেঃ

| ক্রঃ নং | পদের নাম                                   | রোল নম্বর                     | পরীক্ষার তারিখ        | পরীক্ষার সময়                             |
|---------|--|-------------------------------|-----------------------|---|
| ১।      | ডাটা এন্ট্রি অপারেটর                       | 10001 হতে 43424<br>(৩৩৪২৪ জন) | ২৪-০৫-২০১৯ (শুক্রবার) | সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা পর্যন্ত। |
| ২।      | অফিস সহকারী-কাম-<br>কম্পিউটার মুদ্রাক্ষরিক | 70001 হতে 78428<br>(৮৪২৮ জন)  | -ঐ-                   | বেলা ০৩:৩০ ঘটিকা হতে ০৪:৩০ ঘটিকা পর্যন্ত  |

০২। যোগ্য প্রার্থীগণকে উক্ত নির্বাচনী লিখিত পরীক্ষায় যথাসময়ে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। ইতোমধ্যে প্রার্থীদের User ID-তে প্রবেশপত্র (Admit Card) প্রেরণ করা হয়েছে। প্রবেশপত্রে পরীক্ষার কেন্দ্রের নাম/ঠিকানা ইত্যাদি উল্লেখ রয়েছে। প্রার্থীগণ rms.bwdb.gov.bd/orms-এ Login করে তাদের User ID এবং Password ব্যবহার করে Admit Card ডাউনলোড এবং প্রিন্ট করতে পারবেন। প্রার্থীদের মোবাইল ফোনে এসএমএস প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য, Admit Card এর প্রিন্টেড কপি অবশ্যই পরীক্ষার কেন্দ্রে সঙ্গে রাখতে হবে এবং প্রদর্শন করতে হবে; অন্যথায় পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

০৩। উল্লেখ্য, প্রার্থীর ছবির সাথে পরীক্ষা কক্ষে প্রার্থীর অবয়ব/চেহারা যাচাই করা হবে। যাচাইয়ান্তে কোন অসঙ্গতি পরিলক্ষিত হলে তাকে তাৎক্ষণিকভাবে বহিষ্কার করা হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৪। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

(মোঃ মাহবুবুর রহমান) ২২/০৫/২০১৯  
পরিচালক (অঃদাঃ)

কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.৩০.১১.০০৪.২০১৯-৭৩৫/১(২০)

তারিখঃ ০৫ জ্যৈষ্ঠ ১৪২৬ বঃ  
১৯-০৫-২০১৯ খ্রীঃ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

- ১। প্রধান, প্রশিক্ষণ ও কর্মচারী উন্নয়ন, বাপাউবো, ঢাকা।
- ২। পরিচালক, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আই বি এ), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা -১০০০।
- ৩। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বিজ্ঞপ্তিটি আবশ্যিকভাবে বহুল প্রচারিত ন্যূনতম ০২ টি জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এতদসঙ্গে বিজ্ঞপ্তির হার্ড কপি ও সফট কপি সিডিতে (১ টি) প্রেরণ করা হলো)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের চীফ স্টাফ অফিসার, বাপাউবো, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/অর্থ), বাপাউবো, ঢাকা।
- ৭। নোটিশ বোর্ডের কপি।
- ৮। নথির কপি।

(মোঃ মতিউর রহমান) ২২/০৫/১৯  
নির্বাহী প্রকৌশলী (নিঃ ও পঃ) (চঃদাঃ)